গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

স্মারক নম্বর: ৫২.০১.০০০০.১০৪.১১.০০৪.২৫.৫৯৯

তারিখ: ০৫ ফাল্গুন, ১৪৩২ / ১৮ ফেব্রুয়ারি, ২০২৬

# নিয়োগ আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর স্মারক নম্বর: ৫২.০১.০০০০.১০৪.১১.০০৪.২৫.৯২০, তারিখ: ১২-০৩-২০২৫ খ্রিস্টাব্দ এর নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশের আলোকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর রাজস্ব খাতভুক্ত **"উচ্চমান সহকারী"** পদে চূড়ান্তভাবে নির্বাচিত নিম্নলিখিত ০৮ (আট) জন প্রার্থীকে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর টাকা: ১০২০০ - ২৪৬৮০/-(গ্রেড-১৪) অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদানপূর্বক ৫নং কলামে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো:

| মেধাক্রম | রোল নম্বর | নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ১৯০০০৩৬৮ | নাম: জুনায়েদ হুসাইন<br>পিতার নাম: জাকির হুসাইন<br>মাতার নাম: জয়নব খাতুন | গ্রাম/মহল্লা: বালুন্ডা<br>ডাকঘর: বালুন্ডা<br>উপজেলা/থানা: শার্শা<br>জেলা: যশোর | জেলা পরিসংখ্যান অফিস মেহেরপুর |
| ২ | ১৯০০১৫৪৯ | নাম: মোঃ পারভেজ হাসান<br>পিতার নাম: মোঃ হালিম মিয়া<br>মাতার নাম: লাইলী বেগম | গ্রাম/মহল্লা: পুনাইল<br>ডাকঘর: দড়গ্রাম<br>উপজেলা/থানা: সাটুরিয়া<br>জেলা: মানিকগঞ্জ | জেলা পরিসংখ্যান অফিস রাঙ্গামাটি |
| ৩ | ১৯০০০৯৪৪ | নাম: মোঃ হিরন মিয়া<br>পিতার নাম: ইউসুফ মিয়া<br>মাতার নাম: ফাহিমা সুলতানা | গ্রাম/মহল্লা: কমলেশ্বরদী<br>ডাকঘর: কমলেশ্বরদী হাইস্কুল<br>উপজেলা/থানা: বোয়ালমারী<br>জেলা: ফরিদপুর | জেলা পরিসংখ্যান অফিস খুলনা |
| ৪ | ১৯০০৬৮৫১ | নাম: মোঃ রেজওয়ান বারী<br>পিতার নাম: মোঃ হাসিনুর রহমান<br>মাতার নাম: মোছাঃ রাজেকা বেগম | গ্রাম/মহল্লা: মধ্যপাড়া<br>ডাকঘর: মধ্যপাড়া-৫২৫০<br>উপজেলা/থানা: পার্বতীপুর<br>জেলা: দিনাজপুর | জেলা পরিসংখ্যান অফিস পঞ্চগড় |
| ৫ | ১৯০০০৫২৪ | নাম: মোঃ রাজন খান<br>পিতার নাম: আলী আকবর খান<br>মাতার নাম: লাভলী বেগম | গ্রাম/মহল্লা: চর চাঁদপুর কাচারী ডাঙ্গী<br>ডাকঘর: চর চাঁদপুর<br>উপজেলা/থানা: সদরপুর<br>জেলা: ফরিদপুর | জেলা পরিসংখ্যান অফিস কক্সবাজার |
| ৬ | ১৯০০৭৪৩৪ | নাম: মো: ইমরান হোসেন<br>পিতার নাম: মো: সিরাজ উদ্দিন<br>মাতার নাম: রাশিদা বেগম | গ্রাম/মহল্লা: পঞ্চাশকুড়<br>ডাকঘর: মনোহরদী<br>উপজেলা/থানা: মনোহরদী<br>জেলা: নরসিংদী | জেলা পরিসংখ্যান অফিস নরসিংদী |
| ৭ | ১৯০০২৩৪৪ | নাম: সবিনয় চাকমা<br>পিতার নাম: বলি চাকমা<br>মাতার নাম: পুতুল বালা চাকমা | গ্রাম/মহল্লা: হেডম্যানপাড়া, পাকুজ্জ্যাছড়ি,৫নং ভাইবোনছড়া<br>ডাকঘর: খাগড়াছড়ি সদর<br>উপজেলা/থানা: খাগড়াছড়ি সদর<br>জেলা: খাগড়াছড়ি | জেলা পরিসংখ্যান অফিস খাগড়াছড়ি |

| মেধাক্রম | রোল নম্বর | নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৮ | ১৯০০২৪৩১ | নাম: মোঃ মোস্তাফিজুর রহমান<br>পিতার নাম: মোঃ ওহাব আলী<br>মাতার নাম: মোছাঃ বাছিরন নেছা | গ্রাম/মহল্লা: রামকৃষ্ণপুর<br>ডাকঘর: রামকৃষ্ণপুর-৭৪১০<br>উপজেলা/থানা: চৌগাছা<br>জেলা: যশোর | জেলা পরিসংখ্যান অফিস সাতক্ষীরা |

**শর্তাবলী:**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে স্বাস্থ্য পরীক্ষার সনদ এবং ডোপটেস্টের রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

(খ) নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং সকল মূল সনদ/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শণপূর্বক সত্যায়িত এক সেট ছায়ালিপি দাখিল করতে হবে;

(গ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর যোগ্যতার ঘাটতি যে কোন সময় ধরা পড়লে বা প্রার্থী দুর্নীতি বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে বা অসত্য তথ্য প্রদান করলে বা চাহিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা দাখিলকৃত কোন সনদ/তথ্যাদি অসত্য প্রমানিত হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই চাকরি থেকে অপসারণ করা হবে;

(ঘ) চাকরিতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসর পর্যন্ত শিক্ষানবিশকাল হিসাবে গণ্য হবে। শিক্ষানবিশকালে তার আচরণ চাকরি বিধিমালার পরিপন্থি হলে অথবা যথাযথ কর্তৃপক্ষের নিকট তাঁর কার্যকলাপ সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

(ঙ) এ নিয়োগপত্রের সাথে সংযুক্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে। পরবর্তীতে যথাযথ এজেন্সী/ পুলিশ কর্তৃপক্ষের মাধ্যমে তার চরিত্র ও সংশ্লিষ্ট তথ্যাদি যাচাই করা হবে। চাকরিতে নিয়োগ পাওয়ার লক্ষ্যে কোনো মিথ্যা তথ্য প্রদান করা হলে বা পুলিশ প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল মর্মে গণ্য হবে;

(চ) এই নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে যে কোনো 'বিষয়' প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(ছ) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;

(জ) চাকরিতে যোগদানের জন্য প্রার্থীগণকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

(ঝ) উল্লিখিত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০১-০৩-২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ অফিস চলাকালীন সংশ্লিষ্ট উইং পরিচালক/জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক এর মাধ্যমে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে চাকরিতে যোগদান করতে ইচ্ছুক নয় মর্মে গণ্য করা হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল হবে;

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

১৮/২/২৬

মো: ফরহাদ সিদ্দিক
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোনঃ ০২-৫৫০০৭০৫৬
ই-মেইলঃ dg@bbs.gov.bd

স্মারক নম্বর: ৫২.০১.০০০০.১০৪.১১.০০৪.২৫.৫৯৯

তারিখ: ০৫ ফাল্গুন, ১৪৩২ / ১৮ ফেব্রুয়ারি, ২০২৬

**অনুলিপিঃ** সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
০২. সিভিল সার্জন (সকল), ------------------------------------------------------------------------------------------।
০৩. পরিচালক (সকল), -------------------------------------------------------------------- উইং, বিবিএস, ঢাকা।
০৪. পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধ করা হলো)।
০৫. যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, -----------------------------------------------------------------------।
০৬. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭. উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, ---------------------------------------------------------------------------।
০৮. ডিস্ট্রিকস একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ডিস্ট্রিকস একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, ---------------------।
০৯. আয়ন-ব্যয়ন কর্মকর্তা, বিবিএস, ঢাকা
১০. স্টাফ অফিসার, মহাপরিচালক/উপমহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা
১১. সংশ্লিষ্ট ব্যক্তি জনাব ------------------------------------------------------------------------------------------।
১২. ব্যক্তিগত নথি/গার্ড নথি/অফিস কপি

১৪/০২/২০২৬

মো: আরিফুল ইসলাম
পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন: ০২৫৫০০৭০৬৮